

আধুনিক ও বিজ্ঞানসম্মত পদ্ধতিতে মাছ চাষ নিয়ে বিশেষ আলোচনা সভা গড়বেতা কলেজে

পত্রিকা-প্রতিনিধি : আধুনিক ও বিজ্ঞানসম্মত মৎস্যচাষ বিষয়ে এক বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হল গড়বেতা কলেজের সেমিনার হলে। শনিবার কলেজের প্রাণিবিদ্যা বিভাগ আয়োজিত ওই আলোচনা চক্রে প্রধান বক্তা ছিলেন কলকাতার সেন্টার ইনস্টিটিউট অব ফিসারিজ এডুকেশন এর মুখ্য বিজ্ঞানী ড. বিনয়কালী মহাপাত্র। ওই আলোচনা চক্রে কলেজের ছাত্রছাত্রী ছাড়াও এলাকার ২৭ জন মৎস্যচাষি সহ প্রায় দেড়শো জন উপস্থিত থেকে আধুনিক মৎস্যচাষের বিভিন্ন উল্লেখযোগ্য বিষয়ে অবহিত হন। মাছ চাষকে কিভাবে লাভজনক করে তোলা



যায় সেই বিষয়ে বিস্তারিত আলোচনা করেন ওই বিজ্ঞানী বিনয়কালী মহাপাত্র। রঙিন মাছ চাষ, কাঁকড়া চাষ সহ বায়োফস্ফ

পদ্ধতিতে মাছ চাষের গুরুত্ব নিয়েও আলোচনা হয়। বিভিন্ন প্রশ্নের মাধ্যমে মাছ চাষিরা তাঁদের নানাবিধ সমস্যার সঠিক সমাধান সম্পর্কে জেনে নেন। এদিন ওই আলোচনা চক্রে উদ্বোধন করেন কলেজের অধ্যক্ষ ড. হরিপ্রসাদ সরকার।

উপস্থিত ছিলেন কলেজ পরিচালন সমিতির শিক্ষক প্রতিনিধি অধ্যাপিকা সোমা সামন্ত, আই কিউ এ সি-র কো অর্ডিনেটর ড.সুশীল কুমার ঘোষ প্রমুখ। আলোচনা চক্রটি অত্যন্ত ফলপ্রসূ হয়েছে বলে অধ্যক্ষ জানান। বিজ্ঞানী ড. মহাপাত্র মাছ চাষিদের সঙ্গে বিভিন্ন সমস্যা সমাধানের জন্য নিয়মিত যোগাযোগ রাখার আশ্বাস দেন। ছাত্রছাত্রী ও প্রাণি বিদ্যার শিক্ষকদের সঙ্গেও বিভিন্ন বিষয়ে পৃথকভাবে আলোচনা করেন এবং মৎস্য বিজ্ঞানের প্রসারে গবেষণার জন্য উৎসাহিত করেন। অনুষ্ঠান পরিচালনা করেন প্রাণিবিদ্যা বিভাগের অধ্যাপিকা ও পিজি কো অর্ডিনেটর ড. শম্পা দেব চন্দ এবং ধন্যবাদ জ্ঞাপন করেন বিভাগীয় প্রধান ড. পোখরাজ গুহ।

তুলে ভূপতিনগর থানায় বিজেপি নেতৃত্ব

পারবেনা।” এ ব্যাপারে তৃণমূলের বিধায়ক সোহম চক্রবর্তী বলেন,

বিজেপি নেতাদের বিরুদ্ধে অনেক অভিযোগ রয়েছে, আমরা

কিৎমার তাননে তাঁতনে

আলোচনা সভা

▶▶ **গড়বেতা:** আধুনিক ও

বিজ্ঞানসন্মত উপায়ে মাছ চাষ
নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত
হল গড়বেতা কলেজে। শনিবার
কলেজের সেমিনার হলে
আয়োজিত ওই সভার প্রধান
বক্তা ছিলেন কলকাতার সেন্ট্রাল
ইনস্টিটিউট অফ ফিশারিজ
এডুকেশনের মুখ্য বিজ্ঞানী
বিজয়কালী মহাপাত্র। উদ্বোধন
করেন কলেজের অধ্যক্ষ
হরিপ্রসাদ সরকার।